

স্মারক নম্বর: ০৫.১০.০৪০০.১১২.০৪.০০৮.২৪-৩২০

তারিখ: ২২ বৈশাখ ১৪৩১  
১৫ এপ্রিল ২০২৪

## জরুরি গণবিজ্ঞপ্তি

বিষয় : আমতলী ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষ্যে যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা সংক্রান্ত।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৮ এপ্রিল, ২০২৪ তারিখ অনুষ্ঠিতব্য বরগুনা জেলাধীন আমতলী উপজেলার আমতলী ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২৫ এপ্রিল, ২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-২৩২ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন এবং সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৭ এপ্রিল ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৮ এপ্রিল ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নবর্ণিত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

- (১) ট্যাক্সি ক্যাব
  - (২) পিক আপ
  - (৩) মাইক্রোবাস
  - (৪) ট্রাক
- ২। সে সাথে ২৬ এপ্রিল, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৯ এপ্রিল, ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।
- ৩। উক্ত নির্বাচন উপলক্ষ্যে সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা, যানজট নিরসন ও বহিরাগতদের আগমন রোধকল্পে ২৭ এপ্রিল, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৮ এপ্রিল, ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নির্বাচনী এলাকা ও আশেপাশের সড়কে ইজিবাইক, অটোরিক্সাসহ ইঞ্জিন ও ব্যাটারিচালিত সকল ধরণের যানবাহনের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।
- ৪। উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।
- ৫। জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে এ নিষেধাজ্ঞা শিথিলযোগ্য।

(পিজুস চন্দ্র দে)  
জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)  
বরগুনা

ফোন: ০২৪৭৮৮৮৬৫৬৬

ই-মেইল: dcbarguna@mopa.gov.bd

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
২. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, বরিশাল।
৪. পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, বরগুনা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা।
৬. জেলা নির্বাচন অফিসার, বরগুনা।
৭. উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী/বামনা/পাথরঘাটা, বরগুনা।
৮. সহকারী কমিশনার (ভূমি), বরগুনা সদর/আমতলী/তালতলী/বেতাগী/বামনা/পাথরঘাটা, বরগুনা।
৯. উপজেলা নির্বাচন অফিসার, আমতলী, বরগুনা ও রিটার্নিং অফিসার, আমতলী ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪।
১০. কমান্ডিং অফিসার, ২১ বিজিবি, খুলনা ব্যাটালিয়ন, খুলনা।
১১. কোম্পানী কমান্ডার, র্যাব-৮, পটুয়াখালী।
১২. জনাব..... বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বরগুনা।
১৩. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা (গণবিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. জেলা তথ্য অফিসার, বরগুনা (গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
১৫. সহকারী পরিচালক, বিআরটিএ, বরগুনা।
১৬. অফিস কপি।